DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ⧉ তৈরি: 16 Aug 2026, 06:09 AM

আন্তর্জাতিক

# ইন্দোনেশিয়ায় ভয়াবহ ভূমিকম্প, নিহত বেড়ে ৪৭

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১৬ আগস্ট ২০২৬, ১১:৫৩ AM




ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৪৭ জনে দাঁড়িয়েছে। দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার প্রধান কর্মকর্তা এ তথ্য জানিয়েছেন।

শনিবার স্থানীয় সময় ভোরে এ ভূমিকম্প আঘাত হানে। এতে বহু ভবন ও অবকাঠামো ধসে পড়ে। ধ্বংসস্তূপের নিচে অনেক মানুষ আটকা পড়েছেন। ফলে নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার প্রধান সুহারাইয়ান্তো জানান, উদ্ধারকারীরা এখন পর্যন্ত ৪৭টি মরদেহ উদ্ধার করেছেন। এর মধ্যে বেশিরভাগ মরদেহ সিক্কা, মানাগ্গারাই ও পূর্ব মানাগ্গারাই এলাকা থেকে উদ্ধার করা হয়েছে। এ ছাড়া আহত অবস্থায় ৫০ জনকে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে।

ভূমিকম্পে ১৫৭টি বাড়ি পুরোপুরি ধসে পড়েছে। আরও প্রায় ২০০টি বাড়ি ফাটল ও অন্যান্য ক্ষয়ক্ষতির শিকার হয়েছে। ক্ষতিগ্রস্ত প্রায় ২ হাজার গ্রামবাসী বাড়িঘর ছেড়ে অস্থায়ী আশ্রয়কেন্দ্রে আশ্রয় নিয়েছেন।

ভূমিকম্পের পর উপকূলীয় এলাকায় সুনামি সতর্কতা জারি করে মানুষকে নিরাপদ ও উঁচু স্থানে চলে যেতে বলা হয়। পরে অবশ্য সেই সতর্কতা প্রত্যাহার করা হয়। দেশটির আবহাওয়া বিভাগ জানিয়েছে, সাগরে এমন কোনো অস্বাভাবিক ঢেউ দেখা যায়নি, যা উপকূলীয় এলাকায় বড় ধরনের ক্ষতি করতে পারে।

এদিকে, ভোরের ভূমিকম্পের কয়েক ঘণ্টা পর শনিবার সন্ধ্যায় ইন্দোনেশিয়ার উত্তর সুমাত্রা প্রদেশে ৬ দশমিক ৪ মাত্রার আরেকটি ভূমিকম্প আঘাত হানে।

সূত্র: সিবিএস নিউজ

---

## এ বিভাগের আরও খবর



**বাড়তে পারে মক্কা প্রতিরক্ষা জোটের পরিধি**
তুরস্ক, সৌদি আরব ও পাকিস্তানের মধ্যে সম্প্রতি স্বাক্ষরিত মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তিতে মিসরও যোগ দিতে পারে বলে জানিয়েছেন তুরস্কের প্রেসিডেন্...



**গাজায় দুই ভবনের ধ্বংসস্তূপে মিললো ২১ ফিলিস্তিনির কঙ্কাল**
ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার দুটি ক্ষতিগ্রস্ত ভবনের ধ্বংসস্তূপের নিচ থেকে ২১ জন ফিলিস্তিনির দেহাবশেষ (কঙ্কাল) উদ্ধার করেছে উদ্ধারকারী দ...



**লেবাননে ইসরাইলি বিমান হামলায় ৩ শিশুসহ নিহত ১১**
দক্ষিণ লেবাননে ইসরাইলি বিমান হামলায় অন্তত ১১ জন নিহত হয়েছেন।  নিহতদের মধ্যে তিন শিশু রয়েছে। শনিবারের (১৫ আগস্ট) এ হামলাকে গত জুনে ইসরাই...



**তেহরান শিগগিরই ‘নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে’ যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**

ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/indoneshiyay-bhyabh-bhumikmp-niht-bere-47